

# এসপিএমএল ইনফ্রা লিমিটেড পেল সেরা

## ওয়াটার ম্যানেজমেন্ট সংস্থার পুরস্কার

শিলিগুড়ি : এসপিএমএল ইনফ্রা লিমিটেডের মুকুটে এক নয়া পালক। সেরা ওয়াটার ম্যানেজমেন্ট কোম্পানি হিসাবে সম্ভ্রতি 'সিআইএ ওয়ার্ল্ড বিল্ডার্স অ্যান্ড ইনফ্রা অ্যাওয়ার্ড ২০১৭' পুরস্কার পেল এসপিএমএল ইনফ্রা লিমিটেড। দেশের অন্যতম সেরা ওয়াটার ম্যানেজমেন্ট সংস্থা হিসাবে জল, বিদ্যুৎ, নিকাশি, বর্জ্য প্রক্রিয়াকরণের মতো নানা ক্ষেত্রে সংস্থা উল্লেখযোগ্য পরিষেবা দেওয়ার সুবাদে

এসপিএমএল ইনফ্রা লিমিটেড এই পুরস্কার পেল। প্রসঙ্গত, তিন দশকেরও বেশি সময় ধরে সারা দেশজুড়ে এই সংস্থা ৬০০ টিরও বেশি গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ করেছে। গ্লোবাল ওয়াটার ইন্টেলিজেন্সের হিসাবে পৃথিবীর সেরা ৪০ টি বেসরকারি ওয়াটার কোম্পানির মধ্যে এই সংস্থা নিজের জায়গা করে নিয়েছে। বান্দ্রা ইস্ট-এর বিধায়ক ক্রান্তি প্রকাশ সাওয়ান্ত সংস্থার হাতে এই পুরস্কার তুলে দেন।